তারিখ ..10 JUN 2017...
পৃষ্ঠা ...২... কলাম ৬ ...

দৈনিক
ইত্তেফাক

# কাঙ্ক্ষিত সাড়া না পেয়ে নিশ্চায়নের সময় বৃদ্ধি

## একাদশে ভর্তি

■ ইত্তেফাক রিপোর্ট

কাঙ্ক্ষিত সংখ্যক শিক্ষার্থী নিশ্চায়ন না করায় একাদশে ভর্তির নিশ্চায়নের সময় আজ দুপুর ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। একাদশ শ্রেণিতে ভর্তির জন্য প্রথম মেধা তালিকায় মনোনীতদের ভর্তি নিশ্চায়নের জন্য ৬ থেকে ৮ জুন পর্যন্ত সময় বেঁধে দেওয়া হয়েছিল। কিন্তু আশানুরূপ আবেদনকারী ভর্তি নিশ্চায়ন করেনি। তাই কর্তৃপক্ষ বাধ্য হয়ে সময় বৃদ্ধি করেছে।

ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন বলেন, যে সংখ্যক শিক্ষার্থী নিশ্চায়ন করেছে সময় বৃদ্ধি করার কারণে তা আরো বাড়বে। নানা কারণে অনেকে নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন করেনি। তাদের সুযোগ দেয়ার জন্যই সময় বৃদ্ধি করা হয়েছে।

প্রায় সাড়ে ১২ লাখ আবেদনকারী প্রথম মেধা তালিকায় সুযোগ পেয়েছে। কিন্তু ৭ জুন রাত সাড়ে ১১টা পর্যন্ত ভর্তি নিশ্চায়ন করেছে পাঁচ লাখের কিছু বেশি। ৬ থেকে ৮ জুন ছিল নিশ্চায়নের সময়।

আশফাকুস সালেহীন বলেন, শুক্রবার সকাল পর্যন্ত ১০ লাখ শিক্ষার্থী নিশ্চায়ন করেছে। তিনি জানান, এর পর থেকে সব প্রক্রিয়া এক দিন করে বৃদ্ধি করা হবে। মাইগ্রেশনের আবেদন ও নতুন আবেদনও ১১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হবে বলে তিনি জানান।